# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো।
১২-১৩ মতিঝিল, রহমান চেম্বার
(১০ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৬০৯০৬, ৯৫৫০৯৩৭(ফ্যাক্স)।
ই-মেইল-dir.staff.bwdb@gmail.com

www.bwdb.gov.bd

OFFICE OF THE DIRECTOR
DIRECTORATE OF STAFF DEVELOPMENT.
BWDB, RAHMAN CHAMBER (9TH FLOOR),
12-13 MOTIJHEEL C/A, DHAKA-1000.
PHONE: 9550937(Fax), 9560906.
e-mail: dir.staff.bwdb@ gmail.com


স্মারক নং-১২২৪-পাউবো (কউ)/এফ-৫/২০১৪ তারিখঃ ১৫ পৌষ ১৪২১ বঙ্গাব্দ/২৯-১২-২০১৪ খ্রিঃ।

## "দপ্তরাদেশ"

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে **উচ্চমান সহকারী** পদে নিম্নলিখিত প্রার্থীগণকে (মুক্তিযোদ্ধা কোটায়) শর্তসাপেক্ষে সাময়িকভাবে নিয়োগ করতঃ নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদানের নির্দেশ প্রদান করা হলো। নিয়োগপ্রাপ্তগণ জাতীয় বেতন স্কেল-২০০৯ এর ১৫তম গ্রেড টাকা ৪৯০০-২৯০X৭-৬৯৩০-ইবি-৩২০X ১১-১০৪৫০ এবং তৎসহ সরকার কর্তৃক প্রদত্ত সুবিধাদি পাবেন।

| ক্রঃ নং | নাম | পিতা/স্বামীর নাম ও মাতার নাম | জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা | যে দপ্তরে কর্ম নিয়োগ করা হলো |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | উম্মে সালমা | ফরিদ আহম্মেদ<br>হেলেনা ফরিদ | ০৯/০৯/১৯৮৫ | গ্রাম: কুন্দিয়াল পাড়া<br>পো: হিজলতলা<br>থানা: বরিশাল<br>জেলা: বরিশাল | চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। |
| ২। | উম্মে সালিকা রুমাইয়া | মফিজ উদ্দিন আহম্মেদ<br>রিনা আহম্মেদ | ০৭/১১/১৯৮৩ | গ্রাম: কেন্দুয়া,পো: কাঞ্চন<br>থানা: রুপগঞ্জ<br>জেলা: নারায়ণগঞ্জ | কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। |
| ৩। | মোছা: শামীমা ইয়াছমিন | মো: শাহাদৎ হোসেন<br>শামসুন্নাহার | ০৪/০৯/১৯৮৭ | গ্রাম: গোপালপুর<br>পো: কমলাপুর<br>থানা: কুষ্টিয়া সদর<br>জেলা: কুষ্টিয়া | শৃঙ্খলা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। |
| ৪। | চামেলী আক্তার | মো: মুস্তাফিজুর রহমান<br>এ.এইচ.এম হেদায়েত কবির | ২৮/০৬/১৯৮২ | গ্রাম: দূর্গাপুর (কাজীপাড়া)<br>পো: কুমারখালী<br>থানা: কুমারখালী<br>জেলা: কুষ্টিয়া | নকশা-২, বাপাউবো, ৭২ গ্রীন রোড, ঢাকা। |
| ৫। | তনিমা রাজ্জাকী | মো: আব্দুর রাজ্জাক<br>হোসনেয়ারা খানম | ২৬/০২/১৯৮৪ | গ্রাম: তারাকুপি<br>পো: কটকস্থল<br>থানা: গৌরনদী<br>জেলা: বরিশাল | কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। |
| ৬। | মো: কামরুল ইসলাম | মো: শাহজাহান আলী<br>ফরিদা বেগম | ১২/১২/১৯৮২ | গ্রাম: কায়েতখালী<br>পো: হাশিমপুর<br>থানা: যশোর সদর<br>জেলা: যশোর | প্রধান প্রকৌশলীর দপ্তর, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট। |
| ৭। | মাহমুদুল হাসান | মো: এনামুল কবির<br>মাহমুদা বেগম | ০৩/০১/১৯৮৪ | এন কে ৫৭, রোড নং-২২৮, হাউজিং নতুন কলোনী, খালিশপুর, খুলনা | কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। |

০২। **নিয়োগের শর্তাবলী ঃ**

(ক) তাঁর চাকুরী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা/কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এবং সময় সময় বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট আদেশাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(খ) চাকুরীতে যোগদানের সময় তাঁকে বোর্ডের নির্ধারিত ফরমে স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ, নির্ধারিত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করতঃ এবং জেলা সিভিল সার্জন অথবা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মেডিক্যাল অফিসারের নিকট হতে শারীরিক সুস্থতার স্বপক্ষে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(গ) পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক পাওয়া না গেলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

(ঘ) নিয়োগপ্রাপ্ত প্রত্যেকে ০১(এক) বৎসরের জন্য শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক সন্তোষজনক কার্য সম্পাদন প্রতিবেদন এবং অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে শিক্ষানবীশকাল সম্পন্ন করার পর স্ব স্ব যোগদানের তারিখ হতে চাকুরী স্থায়ীকরণের জন্য বিবেচিত হবেন। **চাকুরী স্থায়ীকরণ না হওয়া পর্যন্ত বাৎসরিক বেতন বৃদ্ধি হবে না।**

(ঙ) নিয়োগ প্রাপ্ত প্রার্থীর নাম মেধাভিত্তিক জ্যেষ্ঠতার ক্রমিক অনুসারে প্রদত্ত হলো। নিয়োগ আদেশ জারীর তারিখ হতে ২১(একুশ) দিনের মধ্যে চাকুরীতে যোগদান করলে মেধাভিত্তিক জ্যেষ্ঠতা বলবৎ থাকবে। উক্ত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগাদেশ জারীর তারিখ হতে সর্বোচ্চ ৩০(ত্রিশ) দিনের মধ্যে যোগদান করতে পারবেন। তবে সে ক্ষেত্রে যোগদানের তারিখ হতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। নিয়োগাদেশ জারীর উল্লিখিত ৩০(ত্রিশ) দিনের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(চ) তাদেরকে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রদান করা হলো। নিয়োগপ্রাপ্তগণের দাখিলকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদের সত্যতা যাচাইয়ের কাজ প্রক্রিয়াধীন আছে। যাচাইয়ান্তে কারো সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা সনদ সঠিক বিবেচিত না হলে তার/তাদের নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং তার/তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। উপরন্তু নিয়োগ বাতিল হলে পূর্বের উত্তোলিত যাবতীয় বেতন-ভাতাদি ফেরত প্রদান করতে হবে। অন্যথায় সরকারী আইন অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ছ) নিয়োগ প্রাপ্তগণ নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদান পত্র দাখিল করবেন। চাকুরীতে যোগদান করার জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা বা অন্য কোন প্রকার আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

(জ) অন্য কোন সংস্থায় চাকুরীরত প্রার্থীর অত্র সংস্থায় যোগদানের পূর্বে কর্মরত সংস্থা হতে ছাড়পত্র গ্রহণ করা বাধ্যতামূলক। যোগদান পত্রের সাথে অবশ্যই উক্ত ছাড়পত্র দাখিল করবেন।

(ঝ) শিক্ষানবীশ সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতীতই চাকুরীচ্যূত হিসাবে গণ্য করা হবে এবং পদটি শূন্য বলে বিবেচিত হবে।

০৩। **বাপাউবোর মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।**

২৯/১২/১৪
(মোঃ আব্দুল হাই)
পরিচালক

**স্মারক নং-১২২৪/১(১০০)-পাউবো (কউ)/এফ-৫/২০১৪** **তারিখঃ ১৫ পৌষ ১৪২১ বঙ্গাব্দ/২৯-১২-২০১৪ খ্রিঃ।**

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**অনুলিপি সদয় অবগতির/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, .. .. .. .. .. .. .. .. .. .. .. ... .. .. .. .. .বাপাউবো, .. .. .. .. .. ..।
২। প্রধান/নিয়ন্ত্রক .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. . বাপাউবো, .. .. .. .. .. .. ..।
৩। সচিব, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক/অধ্যক্ষ, .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. বাপাউবো, .. .. ..।
৫। নির্বাহী প্রকৌশলী, .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. . বাপাউবো, .. .. .. .. .. .. ..।

৬। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
৭। উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, .. .. .. .. .. .. .. .. .. .. আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, .. .. .. . .. .. .. ..।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।
৯। মাস্টার কপি/নথির কপি।
১০। রেজিষ্টার্ড উইথ এডি টু,
জনাব .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ..।

২৪/১২/১৪
পরিচালক
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর,
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।